



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

২৪ আশ্বিন ১৪৩১

তারিখ: _____

০৯ অক্টোবর ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

শ্রী শ্রী দুর্গাপূজা উপলক্ষ্যে ১০ অক্টোবর ২০২৪ তারিখ বৃহস্পতিবার সাধারণ ছুটি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-৪ শাখার ০৮ অক্টোবর ২০২৪ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১৬৩ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বর্ণিত প্রজ্ঞাপনসূত্রে আসন্ন শ্রী শ্রী দুর্গাপূজা উপলক্ষ্যে আগামী ১০ অক্টোবর ২০২৪ তারিখ বৃহস্পতিবার সরকার কর্তৃক নির্বাহী আদেশে দেশব্যাপী সাধারণ ছুটি ঘোষিত হওয়ায় আগামী ১০ অক্টোবর ২০২৪ তারিখ বৃহস্পতিবার বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি বন্ধ থাকবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(রনজিৎ কুমার রায়)

অতিরিক্ত পরিচালক

ফোন: ৯৫৩০২৪৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১৬৩


তারিখ : ২৩ আশ্বিন ১৪৩১
০৮ অক্টোবর ২০২৪

প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন শ্রীশ্রী দুর্গাপূজা উপলক্ষে ১০ অক্টোবর ২০২৪ তারিখ বৃহস্পতিবার নির্বাহী আদেশে দেশব্যাপী সাধারণ ছুটি ঘোষণা করিল। সাধারণ ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে।

- ২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
- (খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
- (গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগণ এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
- (ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।
- ৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।
- ৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

 ০৮/১০/২০২৪

(মোঃ কামরুজ্জামান)

উপসচিব

ফোনঃ ০২-৯৫১৪৪৯২

ইমেইল-reg4@mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-১৬৩/১(১০০)


তারিখ : ২৩ আশ্বিন ১৪৩১
০৮ অক্টোবর ২০২৪

বিতরণ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ (তীর আওতাধীন অফিস ও সংস্থাসমূহের সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

- ৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ৭। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় কমিশনার, ----- (সকল)।
- ১০। জেলা প্রশাসক, ----- (সকল)।
- ১১। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি প্রেরণের অনুরোধসহ)।
- ১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।

 ০৮/১০/২০২৪
(মোঃ কামরুজ্জামান)
উপসচিব